

আসন্ন দুর্গাপূজা ২০১৬ উপলক্ষ্যে বিধাননগর পুলিশ কমিশনারেটের ঘোষিত নির্দেশাবলী-

১. প্রতিটি পূজা সংগঠকদের পূজার প্রয়োজনীয় অনুমতির জন্য যে স্থানে পূজা অনুষ্ঠিত হবে সেই স্থানের জমির মালিকের (ব্যক্তি বা কোন প্রতিষ্ঠান) অনুমতিপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ নিউটাউন থানায় আবেদন করতে হবে। পুলিশ প্রশাসনের অনুমতি ছাড়া কোন পূজা করা যাবে না।
২. জোর করে বা ভয় দেখিয়ে চাঁদা আদায় করা যাবে না।
৩. লাইসেন্সপ্রাপ্ত এজেন্সি বা ঠিকাদারের মাধ্যমেই আলোকসজ্জার কাজ করতে হবে।
৪. মহামান্য উচ্চ আদালত ও দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্দেশ অনুসারে শব্দের তীব্রতা ৬৫ ডেসিবেলের অধিক হবে না।
৫. হাসপাতাল বা নার্সিংহোমের ১০০ মিটারের মধ্যে লাউডস্পিকার বা সাউন্ডবক্স ব্যবহার করা যাবে না। রাত দশটার পর গুরুত্বপূর্ণ ঘোষণা ছাড়া মাইক ব্যবহার করা যাবে না।
৬. প্রবেশ ও প্রস্থানের গেটদুটি প্রশস্ত রাখতে হবে। বিশেষতঃ প্রস্থানের গেট প্রবেশ গেটের চেয়ে বড় হবে। গেটের ন্যূনতম আয়তন ১২ থেকে ১৪ ফুট হবে। পুলিশের অনুমতি ব্যতিরেকে রাস্তার উপর কোন গেট বা তোরণ করা যাবে না।
৭. প্যান্ডেলের উচ্চতা ৪০ ফুটের বেশি হবে না।
৮. প্যান্ডেলের ২০০ মিটারের মধ্যে আগুন জ্বালান যাবে না।
৯. প্যান্ডেলের কাছেই উপযুক্ত পরিমাণ জল ও বালি মজুত রাখতে হবে।
১০. অতি দাহ্য সামগ্রী দিয়ে প্যান্ডেল তৈরি করা যাবে না।
১১. বিসর্জনের তারিখ ও সময় - ১১ই অক্টোবর ২০১৬ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে অথবা ১৩ই এবং ১৪ই অক্টোবর ২০১৬। মহরমের তারিখ পরিবর্তিত হলে বিসর্জনের তারিখও পরিবর্তন হতে পারে। পরিবর্তিত তারিখ ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। কোন অবস্থাতেই নির্দিষ্ট তারিখ ও সময়ের আগে বা পরে বিসর্জন দেওয়া যাবে না।

নিউ টাউন কলকাতা ডেভেলপমেন্ট অথরিটির উদ্যোগ-

১২. এবছর এখনো পর্যন্ত ৬২টি পূজা সংগঠনকে এন কে ডি এর পক্ষ থেকে পূজার স্থানের ব্যাপারে নো অবজেকশন দেওয়া হয়েছে।
১৩. প্রতি বছরের মতন এ বছরও বিশিষ্ট মানুষদের সহযোগিতায় এবং পুলিশ অথরিটির ছাড়পত্র পাওয়া নিউ টাউনের মাধ্যমে পূজাগুলির শ্রেষ্ঠ বিচারের জন্য পূজা পরিক্রমার ব্যবস্থা করা হবে।
১৪. বিগত বছরের মতো এ বছরও নিউ টাউনে উপাসনা ঘাটে প্রতিমা বিসর্জনের সমস্ত রকম ব্যবস্থা থাকবে।
১৫. ২৩শে ডিসেম্বর ২০১৬ থেকে ১লা জানুয়ারী ২০১৭ পর্যন্ত এ বছর নিউ টাউন মেলা অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে প্রচারের জন্য আমাদের পাঠান ব্যানারগুলি পূজা মণ্ডপের সামনে লাগাতে পূজা সংগঠকদের অনুরোধ করা হচ্ছে।

নিউ টাউন কলকাতা ডেভেলপমেন্ট অথরিটি